

ফ্রেশকাট শাক-সবজী ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচী।

১. কর্মসূচীর নাম : ফ্রেশকাট শাক-সবজী ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচী।
২. বাস্তবায়নকারী সংস্থা : কৃষি বিপণন অধিদপ্তর (ডিএএম)।
৩. বাস্তবায়নকাল : জুলাই, ২০১৬ হতে ৩০ জুন, ২০১৯ পর্যন্ত।
৪. প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) : মোটঃ ১৪০.৬০ লক্ষ টাকা।
৫. অর্থায়ন উৎস (লক্ষ টাকায়) : জিওবিঃ ১৪০.৬০ লক্ষ টাকা।
৬. কর্মসূচীর প্রধান উদ্দেশ্য : কর্মসূচীর মূল উদ্দেশ্য হলো ফ্রেশকাট শাক-সবজী ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণের মাধ্যমে কৃষক ও প্রক্রিয়াজাতকারীদের সরাসরি অংশ গ্রহণের সুযোগ সৃষ্টি, ভ্যালু চেইন ও সাপ্লাই চেইন ব্যবস্থাপনার উন্নয়ন, শাক-সবজী ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণে সুযোগ সুবিধা সৃষ্টির মাধ্যমে উন্নত টেকসই বিপণন ব্যবস্থা তৈরীর মাধ্যমে কৃষকদের আয় ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে দারিদ্র হ্রাস করা। কর্মসূচির সুনির্দিষ্ট উদ্দেশ্যাবলী নিম্নরূপঃ

ক) কৃষক এবং ক্ষুদ্র ও মাঝারী কৃষি প্রক্রিয়াজাতকারীগণের মাঝে ফ্রেশকাট শাকসবজী ও ফলমূলের প্রক্রিয়াজাতকরণ, প্যাকেটজাতকরণ ও সংরক্ষণের প্রযুক্তিগত জ্ঞান সম্প্রসারণ করা।

খ) প্রক্রিয়াজাতকৃত ফ্রেশকাট শাক-সবজী ও ফলমূল প্যাকেটজাতকরণের মাধ্যমে বিপণনের জন্য ক্ষুদ্র ও মাঝারী উদ্যোক্তা সৃষ্টি করা।

গ) কৃষক, ক্ষুদ্র ও মাঝারী উদ্যোক্তা এবং প্রক্রিয়াজাতকারী পর্যায়ে প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণের সুযোগ সৃষ্টি করা।

ঘ) শাক-সবজী ও ফলমূলের সংগ্রহোত্তর ক্ষতি (Post harvest loss) হ্রাস করা।

ঙ) কৃষক, প্রক্রিয়াজাতকারী এবং ক্ষুদ্র ও মাঝারী প্রক্রিয়াজাতকারীদের সাথে সুপার শপ, রপ্তানীকারক ও ভোক্তার যোগসূত্র স্থাপন করা।

চ) কর্মসূচী এলাকার কৃষকের আয় বৃদ্ধি করা।

ছ) কর্মসূচী এলাকার প্রক্রিয়াজাতকৃত ফ্রেশকাট শাকসবজি (বিশেষ করে মিশ্র সবজি ও ফলদ বিভিন্ন ধরনের পাতায়ুক্ত শাক-সবজি, কচুর লতি ইত্যাদি) ও ফলমূল (কাঁঠাল, আনারস, পেপে, আম, তরমুজ, ইত্যাদি) স্থানীয় ও ঢাকার বাজারের সুপার শপে সরবরাহের নিমিত্ত ঢাকা সেন্ট্রাল মার্কেটের কুলভ্যান এবং সংরক্ষণের জন্য সেন্ট্রাল মার্কেট ও নরসিংদীর কুলচেম্বার এর ব্যবহার নিশ্চিত করা।

জ) বিভিন্ন বিপণন সেবা সম্প্রসারণের মাধ্যমে সংশ্লিষ্ট এলাকার কৃষকের আয় বৃদ্ধির মাধ্যমে সংশ্লিষ্ট এলাকার আর্থ-সামাজিক উন্নয়ন করা;

ঝ) নির্মিত বাজারসমূহে কাংক্ষিত উন্নয়ন অবকাঠামোগত সুবিধা বজায় রাখতে অবকাঠামোগত সংস্কার ও সম্প্রসারণ কার্যক্রম গ্রহণ করা।

৭. কর্মসূচী এলাকা : ঢাকা, নরসিংদী, খুলনা, রংপুর ও কুমিল্লাসহ মোট ০৫টি জেলা।

৮. কর্মসূচীর আর্থিক : (লক্ষ টাকা)
অগ্রগতি

পিপিএনবি বরাদ্দ	২০১৬-১৭ সালের সংশোধিত বরাদ্দের বিপরীতে ৩০ জুন, ২০১৭ পর্যন্ত অগ্রগতি		৩০ শে জুন, ২০১৭ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত অগ্রগতি (%)
	বরাদ্দ	অগ্রগতি (%)	
১৪০.৬০	৫৫.০০	৫৪.৬১(৯৯.২৯%)	৫৪.৬১(৩৮.৮৪%)

৯. কর্মসূচীর উল্লেখযোগ্য কার্যক্রম ও বাস্তব অগ্রগতি

ক্র: নং	কার্যক্রমের বিবরণ	৩০ জুন, ২০১৭ পর্যন্ত অগ্রগতি
(ক)	প্রসেসিং ও প্যাকেজিং যন্ত্রপাতি সংগ্রহ ফ্রেশকাট শাক-সবজী ও ফলমূলের প্রক্রিয়াজাতকরণ ও প্যাকেটজাতকরণ সুবিধা সম্প্রসারণের লক্ষ্যে বিদ্যমান প্রক্রিয়াজাতকরণ অবকাঠামো সুবিধা সম্পন্ন ০৫টি জেলায় (ঢাকা, নরসিংদী, রংপুর, খুলনা, কুমিল্লা) প্রয়োজনীয় যন্ত্রপাতি স্থাপন ও সুবিধা সৃষ্টি করা।	কর্মসূচীর আওতায় ইতোমধ্যে ০৫টি জেলায় (ঢাকা, নরসিংদী, রংপুর, খুলনা, কুমিল্লা) প্রয়োজনীয় যন্ত্রপাতি সরবরাহ ও বিতরণ করা হয়েছে।
(খ)	লিংকেজ স্থাপন কর্মসূচীর এলাকার প্রক্রিয়াজাতকৃত ফ্রেশকাট শাকসবজি (বিশেষ করে মিশ্র সবজি ও ফলদ বিভিন্ন ধরনের পাতায়ুক্ত শাক-সবজি, কচুর লতি ইত্যাদি) ও ফলমূল (কাঠাল, আনারস, পেপে, আম, তরমুজ ইত্যাদি) স্থানীয় ও ঢাকার বাজারের সুপার শপে সরবরাহের নিমিত্ত ঢাকা সেন্ট্রাল মার্কেটের কুলভ্যান এবং সংরক্ষণের জন্য সেন্ট্রাল মার্কেট ও নরসিংদীর কুলচেম্বার এর ব্যবহার নিশ্চিত করা।	ফ্রেশকাট শাকসবজি ও ফলমূল স্থানীয় ও ঢাকার বাজারের সুপার শপে সরবরাহের নিমিত্ত ঢাকা সেন্ট্রাল মার্কেটের কুলভ্যান এবং সংরক্ষণের জন্য সেন্ট্রাল মার্কেট ও নরসিংদীর কুলচেম্বার এর ব্যবহার নিশ্চিত হচ্ছে।
(গ)	প্রচার ও বিজ্ঞাপন কর্মসূচীর আওতায় ৩৫টি খাদ্যপ্রদর্শনী ১৫টি মেটিভেশনাল ট্যুর আয়োজন করা।	ইতোমধ্যে ১৯টি খাদ্যপ্রদর্শনী ০১টি মেটিভেশনাল ট্যুর আয়োজন করা হয়েছে।
(ঘ)	গ্রুপ গঠন কর্মসূচীভুক্ত প্রতিটি জেলায় ২০টি করে সর্বমোট ১০০টি গ্রুপ গঠন করা হবে (প্রতি গ্রুপে ১৫ জন করে)।	ইতোমধ্যে প্রতিটি জেলায় ১০টি করে সর্বমোট ৫০টি গ্রুপ গঠন করা হয়েছে (প্রতি গ্রুপে ১৫ জন করে)।
(ঙ)	প্রশিক্ষণ প্রদান ১০০টি গ্রুপের ১,৫০০ সদস্যগণকে ফ্রেশকাট শাক-সবজি ও ফলমূলের প্রক্রিয়াজাতকরণ ও প্যাকেজিং ও অন্যান্য সংশ্লিষ্ট	৫০টি গ্রুপের ৭৫০ জন সদস্যকে ফ্রেশকাট শাক-সবজি ও ফলমূলের প্রক্রিয়াজাতকরণ ও

	বিষয়ে হাতে কলমে প্রশিক্ষণ প্রদান করা।	প্যাকেজিং ও অন্যান্য সংশ্লিষ্ট বিষয়ে হাতে কলমে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
(চ)	<p>সেমিনার ও ওয়ার্কসপ</p> <p>বিপণন সমস্যার সমাধান, আন্তঃসংযোগ সৃষ্টির লক্ষ্যে জেলা পর্যায়ে বাজেট বরাদ্দের মাধ্যমে ০২টি আঞ্চলিক ও ০১টি জাতীয় পর্যায়ে সেমিনার ও ওয়ার্কসপ আয়োজন করা।</p>	-
(ছ)	<p>কুল চেম্বার সমৃদ্ধ ভ্যান সংগ্রহ</p> <p>কর্মসূচীর এলাকার প্রক্রিয়াজাতকৃত ফ্রেশকাট শাকসবজি ও ফলমূল স্থানীয় ও ঢাকার বাজারের সুপার শপে সরবরাহের নিমিত্ত ১০টি কুল চেম্বার সমৃদ্ধ ভ্যান সংগ্রহ করা।</p>	০৫টি কুল চেম্বার সমৃদ্ধ ভ্যান সংগ্রহ করা হয়েছে।